

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৩৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সেই আয়াতটি পড়েনি

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا لَمْ يَذْكُرْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تِلْكَ الْآيَةَ

আরবী

2238 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ قَالَ: حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيةَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ كَثِيرٍ الْكُوفِيُّ _ شَيْخٌ لَهُ قَدِيمٌ _ قَالَ: حَدَّثَنِي الْمِسْوَرُ بْنُ يَزِيدَ قَالَ: شَهِدْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَرَأً فِي قَالَ: حَدَّثَنِي الْمِسْوَرُ بْنُ يَزِيدَ قَالَ: شَهِدْتُ رَسُولَ اللَّهِ إِنَّكَ تَرَكْتَ آيَةً؟ قَالَ: (فَهَلَّا أَذْكَرْتَنِيهَا؟) الصَّلَاةِ فَتَعَايَا فِي آيَةٍ فَقَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ إِنَّكَ تَرَكْتَ آيَةً؟ قَالَ: (فَهَلَّا أَذْكَرْتَنِيهَا؟) قَالَ: ظَنَنْتُ أَنَّهَا قَدْ نُسِخَتْ قَالَ: (فَإِنَّهَا لَمْ تُنْسَخْ) الراوي : الْمِسْوَر بْن يَزِيدَ الْأَسَدِيّ اللمحدث : العلامة ناصر الدين الألباني المصدر الراوي : المسان على صحيح ابن حبان : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2238 ا خلاصة حكم المحدث: حسن - ((صحيح أبي داود)))

বাংলা

২২৩৮. মিসওয়ার বিন ইয়াযিদ আসাদী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সালাতে উপস্থিত ছিলাম, তিনি সালাতে কিরা'আত পাঠ করছিলেন। তারপর একটি আয়াত পড়তে জটিলতা তৈরি হয়। তারপর এক ব্যক্তি তাঁকে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি ওমুক ওমুক আয়াত পাঠ ছেড়ে দিয়েছেন।" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তোমরা আমাকে সেটা স্মরণ করিয়ে দাওনি কেন?" সেই ব্যক্তি বলেন, "আমি ভেবেছি, আয়াতটি রহিত হয়েছে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "নিশ্চয়ই তা রহিত হয়নি।" [1]

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ২০/৩৪; সুনান বাইহাকী: ৩/২১১; আবূ দাউদ: ৯০৭; যাওয়াইদুল মুসনাদ: ৪/৭৪।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৪২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মিসওয়ার বিন ইয়াযিদ আসাদী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন